সংবাদ
তারিখ ২6 JUL 2005
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ১

### ঢাবি ফজিলাতুন্নেছা মুজিব হল

# ছাত্রীদের সাক্ষাৎকার নিচ্ছে তদন্ত কমিটি : রিপোর্ট ৩০ জুলাই

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

ঢাকা বিশ্ববিদ্যালয় ফজিলাতুন্নেছা মুজিব হলের সঙ্কট নিরসনে গঠিত তদন্ত কমিটি কাজ শুরু করেছে। গতকাল সোমবার তদন্ত কমিটি ২১ জন কালো তালিকাভুক্ত ছাত্রীর মধ্যে কয়েক জনের সাক্ষাৎকার নিয়েছে। আজ মঙ্গলবার অন্য ছাত্রীদের সাক্ষাৎকার

রিপোর্ট : (পৃ: ১১ ক: ১)

## রিপোর্ট : ৩০ জুলাই

(১ম পৃষ্ঠার পর)

নেয়া হবে এবং ৩০ জুলাই রিপোর্ট প্রকাশ করা হবে বলে তদন্ত কমিটি সূত্রে জানা গেছে।

তদন্ত কমিটির প্রধান অধ্যাপক নদরুল আমিন জানান, ছাত্রীদের সাক্ষাৎকার গ্রহণের পর হলের আবাসিক শিক্ষকদের সঙ্গে কথা বলা হবে। সাক্ষাৎকার শেষে ৩০ জুলাইয়ের মধ্যে তদন্ত কমিটির রিপোর্ট প্রকাশ করা হবে। তদন্ত কমিটির রিপোর্টের ওপর ভিত্তি করে সিন্ডিকেট সিদ্ধান্ত গ্রহণ করবে বলে কর্তৃপক্ষ জানিয়েছে।

এদিকে শিক্ষক সমিতির ২১ ছাত্রীর দৃষ্টান্তমূলক শাস্তি দাবির ৭২ ঘণ্টার আল্টিমেটাম গতকাল শেষ হয়েছে। তাদের পরবর্তী সিদ্ধান্ত আজ গ্রহণ করা হবে। এ ব্যাপারে শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক আখতারুজ্জামান বলেন, আমরা চাই না কোন ছাত্রীর অন্যায় শাস্তি হোক। শিক্ষক সমিতির সবার সঙ্গে আলোচনার মাধ্যমেই এ ব্যাপারে সিদ্ধান্ত নেয়া হবে বলে তিনি জানান।